H.S.C

দৈনিক বাংলা

C32

তারিখ: 04 JUL 1987

পৃষ্ঠা: ১ কলাম: ২

# যশোরে ৩০টি এসএসসি কেন্দ্র বাতিলের প্রস্তাব

(স্টাফ রিপোর্টার)

যশোর, ৩রা জুলাই।—যশোর শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ নকলপ্রবণ হিসেবে চিহ্নিত ৩০টিরও বেশি এসএসসি পরীক্ষা কেন্দ্র বাতিলের সুপারিশ করেছে। খবর নির্ভরযোগ্য সূত্রের।

জানা গেছে, এ বছর এইচএসসি পরীক্ষায় নকলপ্রবণ কেন্দ্রগুলো বাতিল করায় পরীক্ষা ব্যবস্থার যথেষ্ট উন্নতি হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় আগামী বছর অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার নকলপ্রবণ কেন্দ্রগুলোও বাতিল করতে চায়। কোন কোন কেন্দ্র বাতিল করতে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বাতিলের প্রস্তাব

(প্রথম পৃঃ পর)

হবে মন্ত্রণালয় দেশের শিক্ষা বোর্ডের কাছে ইতিপূর্বে তার তালিকা চেয়ে পাঠান। শিক্ষা বোর্ডের অধীন ষোলটি জেলা-প্রশাসনের সাহায্যে এ তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে পাঠিয়েছে।

সূত্র জানান, যে সমস্ত পরীক্ষা কেন্দ্র বাতিলের সুপারিশ করা হয়েছে সেগুলো উপজেলা সদরের বাইরে। তিনি বলেন, এ বছর মার্চে অনুষ্ঠিত যশোর শিক্ষা বোর্ডের মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রায় ১২ শতাংশ পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হয়। সূত্র বলেন, ৭৯ হাজার পরীক্ষার্থীর মধ্যে এবার সাড়ে ৯ হাজার পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে ৮ হাজারেরও বেশি পরীক্ষার্থীর ফল প্রকাশ স্থগিত এবং প্রায় দেড় হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ বছর সবচে বেশি বহিষ্কৃত পরীক্ষার্থী রয়েছে বরিশাল জেলায়। এদের সংখ্যা ২৯৭। খুলনা জেলায় এ বছর সর্বোচ্চ ১২৫৩ জন পরীক্ষার্থীর ফল অপ্রকাশিত রয়েছে।